

# প্রাথমিক শিক্ষকদের আন্দোলন প্রত্যাহার, আজ থেকেই ক্লাস

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১১ নভেম্বর ২০২৫, ০১:১৬



আন্দোলন স্থগিতের বিষয় নিয়ে সংবাদ সম্মেলনে কথা বলছেন প্রাথমিক শিক্ষক এক্য পরিষদের মুখ্যপাত্র খায়রুন নাহার লিপি। ছবি: সংগৃহীত

অর্থ মন্ত্রণালয়ের আশ্বাসে চলমান আন্দোলন স্থগিতের ঘোষণা দিয়েছেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা। তারা জানিয়েছেন, ১১তম গ্রেডে বেতন উন্নীতকরণের বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় লিখিত আশ্বাস দিয়েছে। এর পরিপ্রেক্ষিতে আন্দোলন প্রত্যাহার করে মঙ্গলবার (১১ নভেম্বর) থেকে শ্রেণিকক্ষে ফিরবেন শিক্ষকরা।

 দেনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

সোমবার (১০ নভেম্বর) অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের আন্দোলন স্থগিতের বিষয়টি বলেন প্রাথমিক শিক্ষক এক্য পরিষদের মুখ্যপাত্র খায়রুন নাহার লিপি।

তিনি জানান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় একটি লিখিত বক্তব্যের মাধ্যমে শিক্ষকদের আশ্বাস দিয়েছে। তাদের বেতন ১১তম গ্রেডে উন্নীত করার বিষয়ে একটি প্রস্তাব এরইমধ্যে পে কমিশনে পাঠানো হয়েছে। কমিশন থেকে চূড়ান্ত সুপারিশ এলে তা অর্থ মন্ত্রণালয়ে পাঠানো হবে।

খায়রুন নাহার লিপি বলেন, যেহেতু প্রাথমিক শিক্ষকদের ১১তম গ্রেড বিষয়ে মন্ত্রণালয় একটি প্রেস বিজ্ঞপ্তি দিয়েছে, আমরা এটিকেই প্রজ্ঞাপন হিসেবে ধরে নিচ্ছি। এটি আমাদের প্রাথমিক বিজয়। আমরা মন্ত্রণালয়ের আশ্বাসে আস্থা রেখে সব কর্মসূচি প্রত্যাহার করছি এবং শ্রেণিকক্ষে ফিরে যাচ্ছি।

এর আগে, গত শনিবার (৮ নভেম্বর) বিকেলে রাজধানীর শাহবাগে ‘কলম বিসর্জন’ কর্মসূচিতে অংশ নিতে গেলে পুলিশের সঙ্গে সংঘর্ষে বহু শিক্ষক আহত হন। পুলিশ সাউন্ড গ্রেনেড, টিয়ারশেল ও রাবার বুলেট ছুড়লে শিক্ষকরা ঢাকা বিশ্ববিদ্যালয় ও শহীদ মিনার এলাকায় আশ্রয় নেন। সেখান থেকেই শুরু হয় টানা অবস্থান ও কর্মবিরতি কর্মসূচি।

শিক্ষকদের তিনি দফা দাবি ছিলো –

১. সহকারী শিক্ষকদের দশম গ্রেডে বেতন প্রদান।
২. উচ্চতর গ্রেডের জটিলতার হ্রাসী সমাধান।
৩. সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে শতভাগ বিভাগীয় পদোন্নতির নিশ্চয়তা।